

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
প্রবাসী কল্যাণ ভবন
৭১-৭২ পুরাতন এলিফ্যান্ট রোড, ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা
সংসদ ও সমন্বয় শাখা
www.probashi.gov.bd


নং-৪৯.০০০.০০৯.০১৮.০০.০০.২০১৫(১).১৭৩

তারিখ : ২৯/০৬/২০১৭।

বিষয়ঃ অভিযোগ প্রতিকার ব্যবস্থা (GRS) সংক্রান্ত পর্যালোচনা সভার কার্যবিবরণী প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় ও দপ্তর/সংস্থার অভিযোগ প্রতিকার ব্যবস্থা (GRS) সংক্রান্ত পর্যালোচনা সভার কার্যবিবরণী নির্দেশক্রমে এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে।


২৯/৬/১৭
(রহমানা রহমান শম্পা)
সিনিয়র সহকারী সচিব
ফোন : ৯৩৪৯২৩০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :-

- ০১। মহাপরিচালক, জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো/ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, প্রবাসী কল্যাণ ভবন, ঢাকা।
- ০২। ব্যবস্থাপনা পরিচালক, বোয়েসেল, প্রবাসী কল্যাণ ভবন, ঢাকা।
- ০৩। যুগ্মসচিব (কর্মসংস্থান), প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
- ০৪। যুগ্মসচিব (মনিটরিং ও এনফোর্সমেন্ট), প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
- ০৫। উপসচিব (কর্মসংস্থান-১ ও ২), প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
- ০৬। সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
- ০৭। সহকারী প্রোগ্রামার, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা (ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থাগ্রহণের অনুরোধসহ)।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
৭১-৭২ পুরাতন এলিফ্যান্ট রোড, ইন্সটান গার্ডেন, রমনা, ঢাকা
সংসদ ও সমন্বয় শাখা

বিষয় : অভিযোগ প্রতিকার ব্যবস্থা (জিআরএস) সংক্রান্ত পর্যালোচনা সভার কার্যবিবরণী।

সভাপতি	:	জাবেদ আহমেদ অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ) প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
সভার তারিখ ও সময়	:	১৫.০৬.২০১৭ দুপুর ১২.০০ ঘটিকা।
সভার স্থান	:	মন্ত্রণালয়ের সভাকক্ষ।
সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দ	:	পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য।

সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি মন্ত্রিপরিষদ বিভাগ হতে প্রাপ্ত অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত নির্দেশিকা, ২০১৫ এর কতিপয় অনুচ্ছেদ সংশোধনের বিষয়ে আলোকপাত করেন। বিস্তারিত আলোচনার পর নিম্নোক্ত মতামত সভায় সর্বসম্মতিক্রমে গৃহীত হয়:

৫.১ (ক) প্রস্তাবিত অনুচ্ছেদে উল্লেখ আছে ইউনিয়ন ও উপজেলা পর্যায়ের দপ্তরসমূহের অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা হবেন সংশ্লিষ্ট দপ্তরের উপজেলা পর্যায়ে নিয়োজিত একজন কর্মকর্তা। একইভাবে জেলা ও বিভাগীয় পর্যায়ে অনিকের অবস্থান তুলে ধরা হলেও উপজেলা/জেলা/বিভাগীয় পর্যায়ের দপ্তর প্রধানের (অনিক) বিরুদ্ধে অভিযোগ থাকলে অভিযোগ দাখিলে করণীয় সম্পর্কে স্পষ্টীকরণ প্রয়োজন।

৬.১ (ক ক) প্রস্তাবিত অনুচ্ছেদের ৩য় লাইনে “উক্ত অভিযোগ নিষ্পত্তি না করলে” এই শব্দগুলোর পরিবর্তে “উক্ত অভিযোগ নির্ধারিত সময়ের মধ্যে নিষ্পত্তি না করলে” শব্দগুলো প্রতিস্থাপন করা প্রয়োজন।

৬.২ (ছ) আপীল কর্মকর্তা অভিযোগ নিষ্পত্তিতে ব্যর্থ হলে তাঁর পরবর্তী উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট অভিযোগ দায়ের করা যাবে মর্মে উল্লেখ আছে। “নির্ধারিত সময়ের” শব্দগুলো উল্লেখ থাকা প্রয়োজন। তাছাড়া উর্ধ্বতন কর্তৃপক্ষ কত সময়ের মধ্যে অভিযোগটি নিষ্পত্তি করবে তা সুস্পষ্ট হওয়া প্রয়োজন।

৬.৩ (গ) অনুচ্ছেদের পঞ্চম লাইনে ৭ দিনের মধ্যে “শব্দগুলোর পরিবর্তে কমপক্ষে ১৫ কার্যদিবস শব্দগুলো প্রতিস্থাপন করা যেতে পারে। তাছাড়া এই নির্দেশিকার প্রযোজ্যক্ষেত্রে সময় নির্ধারণের ক্ষেত্রে দিনের পরিবর্তে কার্যদিবস নির্ধারণ করা যেতে পারে।

৬.৪ (গ) নির্দেশিকায় বিদ্যমান অনুচ্ছেদে বিধৃত সময়সীমা যথার্থ মর্মে প্রতীয়মান হয়। তবে দিনের পরিবর্তে কার্যদিবস হিসেবে সময় নির্ধারণ করা প্রয়োজন। দাপ্তরিক ও কর্মচারীর অভিযোগ নিষ্পত্তির ক্ষেত্রে কোন বিধি বিধান অনুসরণ করতে হবে তা সুস্পষ্ট করা যেতে পারে। অভিযোগ নিষ্পত্তি করার সময় যেসব অপরাধ ফৌজদারী অপরাধ হিসেবে চিহ্নিত হবে সেক্ষেত্রে করণীয় বিস্তারিত ভাবে উল্লেখ করা প্রয়োজন।

সর্বোপরি অভিযোগ প্রতিকার ব্যবস্থা বিষয়ে একটি পূর্ণাঙ্গ আইনগত কাঠামো থাকা প্রয়োজন। ফলে সকলের জবাবদিহিতা ও অভিযোগ প্রতিকার ব্যবস্থায় গতিশীলতা বৃদ্ধি পাবে।

অভিযোগ নিষ্পত্তি: সভাপতি এ মন্ত্রণালয়ের অভিযোগ নিষ্পত্তি বৃদ্ধির লক্ষ্যে সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান। মন্ত্রিপরিষদ বিভাগে GRS এর মাসিক প্রতিবেদন প্রেরণের ক্ষেত্রে এ মন্ত্রণালয়ের অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তার মাধ্যমে প্রেরণ করা প্রয়োজন মর্মে সভায় আলোচনা হয়।

সিদ্ধান্তঃ

১. মন্ত্রিপরিষদ বিভাগ হতে চাহিত মতামত অতিসত্বর মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।
২. অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত যে মাসিক প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হয় তা অভিযোগ নিষ্পত্তিকারী কর্মকর্তা (অনিক) এর মাধ্যমে প্রেরণ করতে হবে।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকল কে শুভেচ্ছা জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(জাবেদ আহমেদ)

অতিরিক্ত সচিব

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়

১৫-০৬-২০১৭ তারিখ দুপুর ১২.০০ ঘটিকায় প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের সভাকক্ষে
 প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় ও দপ্তর/সংস্থার অভিযোগ গ্রহণ ও নিষ্পত্তি (GRS) সংক্রান্ত
 সভায় উপস্থিত সদস্যগণের হাজিরাঃ

ক্রমিক নং	নাম ও পদবী	কর্মস্থলের নাম	ই-মেইল ও মোবাইল নম্বর	স্বাক্ষর
১.	Javed Ahmad	MOEWOE	5	
২.	Md. Shujayed Ullah	MOEWOE	01712296396	Shujayed Ullah 15/6/17
৩.	Md. Salim Mollah	GM/30ESL	01711221632	Salim Mollah 15/6/17
৪.	করিমুল ইসলাম	WEWB	01971-430203	Karimul Islam 15.06.17
৫.	(মহাসচিব/সচিব)	BMZT	01715040309	B.M.Z.T. 15.06.17
৬.	কারীনা মেরুমোমী D.S.	MOEWOE	01797499730	Karima Merumomi 15/6/17
৭.	সুমনীল মল্লিক D.S.	সুমনীল মল্লিক	029220866	Sumanil Mallik 15/6/17
৮.	মেরুমোমী আহমেদ ই.স.স.স.	মেরুমোমী	02920608062	Merumomi Ahmed 15.06.17
৯.	মোঃ মোকাম্মরুল হোসেন সুমনীল মল্লিক	সুমনীল মল্লিক	029220866	Mokammarul Hossain 15.6.17
১০.				
১১.				
১২.				
১৩.				
১৪.				
১৫.				
১৬.				
১৭.				
১৮.				
১৯.				
২০.				
২১.				
২২.				